৩/৮/২০০৭

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৬ কলাম ... ৪ .....

যুগান্তর

# ঢাবি'তে ধর্মঘট প্রত্যাহারে ছাত্রদলের শর্ত-

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পাঁচটি হলে আবার তল্লাশির দাবি পূরণ হলে ছাত্রদল চলমান লাগাতার ধর্মঘট প্রত্যাহার করতে রাজি। উত্তর পাড়ার পাঁচটি হলে তল্লাশি শেষে একদিন খালি রেখে কার্ড দেখে বৈধ ছাত্রদের তুলে দেয়ার পর কার্ড চেকিং অব্যাহত রাখলে তারা ধর্মঘট প্রত্যাহার করবে।

ক্যাম্পাসের অচলাবস্থা নিরসনে ছাত্র সংগঠনগুলোর সঙ্গে আলোচনার জন্য সিন্ডিকেটের সাত সদস্যকে নিয়ে গঠিত কমিটির কাছে ছাত্রদল নেতৃবৃন্দ গতকাল এ কথা বলেন।

কমিটির সঙ্গে ছাত্রলীগ ও জাসদ ছাত্রলীগ নেতৃবৃন্দ সাক্ষাৎ করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত

ছাত্রদল : পৃষ্ঠা : ১৫ কলাম : ৭

## ছাত্রদল : ধর্মঘট

(শেষ পৃষ্ঠার পর)

মেনে নেবেন বলে জানিয়েছেন। বাম ছাত্র সংগঠন জোট গণতান্ত্রিক ছাত্রঐক্য কয়েকজন নেতার অনুপস্থিতির কারণে কাল আলোচনায় অংশ নেয়নি। তবে সোমবার আলোচনায় যাবেন বলে তারা কর্তৃপক্ষকে জানিয়েছেন।

এদিকে বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি অবহিত করতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এ কে আজাদ চৌধুরী সিন্ডিকেট সদস্যদের নিয়ে আগামীকাল সকাল সাড়ে ১০টায় প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করবেন। ছাত্রদলের ডাকা লাগাতার ধর্মঘটের সপ্তম দিনে গতকাল কোন পরীক্ষা বা ক্লাস অনুষ্ঠিত হয়নি। গতকাল ক্যাম্পাসে ছাত্রদল ধর্মঘটের সমর্থনে, ছাত্রলীগ ধর্মঘট প্রত্যাখ্যান করে এবং ক্যাম্পাসের সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার দাবিতে গণতান্ত্রিক ছাত্রঐক্য, ছাত্র ইউনিয়ন ও ছাত্রফ্রন্ট পৃথক কর্মসূচি পালন করে। ছাত্রলীগের সভাপতি বাহাদুর বেপারী ও সাধারণ সম্পাদক অজয় কর খোকনের নেতৃত্বে সাত সদস্যের একটি প্রতিনিধিদল সকাল ১১টায় প্রশাসনিক ভবনে সিন্ডিকেট সদস্যদের সঙ্গে সাক্ষাৎ করে। তারা বিশ্ববিদ্যালয় চালু রাখতে উপাচার্যের প্রতি আহ্বান জানান এবং স্থগিত পরীক্ষা শুক্রবার গ্রহণের জন্য বলেন। ছাত্রদল সভাপতি নাসির উদ্দিন আহমেদ পিন্টু ও মঞ্জুর-ই-এলাহীর নেতৃত্বে পাঁচ সদস্যের একটি প্রতিনিধিদল কমিটির কাছে তাদের লিখিত দাবিনামা উপস্থাপন করে। দু'ঘণ্টার বেশি সময় আলোচনা করলেও তারা একে 'দাবি পেশ' বলে উল্লেখ করেছেন। নেতৃবৃন্দ পূর্বঘোষণা ছাড়া হল তল্লাশি, অবৈধ অস্ত্র উদ্ধার, ছাত্রলীগ নেতাদের অস্ত্রের লাইসেন্স বাতিল, বৈধ ছাত্রদের হলে তোলা, ছাত্রলীগের বহিষ্কৃত ৬৭ সন্ত্রাসীর বহিষ্কারাদেশ পুনর্বহাল, আওয়ামী লীগপন্থী চিহ্নিত পুলিশ কর্মকর্তাদের ক্যাম্পাস এলাকা থেকে প্রত্যাহারসহ চার দফা লিখিত দাবি পেশ করেন। তবে তারা উপাচার্যসহ পক্ষপাতদুষ্ট শিক্ষক-কর্মকর্তাদের অপসারণের দাবির ব্যাপারে নমনীয়তা প্রকাশ করেন। আলোচনার শেষ পর্যায়ে তারা শুধু মুহসীন, সূর্যসেন, জিয়া, মুজিব ও জসীম উদ্দীন হলে আবার তল্লাশি শেষে কার্ড চেকিং চালুর দাবি জানান। অবশ্য সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয়ের সভাপতি ও সাধারণ সম্পাদক এর বাইরে সব হলে তল্লাশির দাবি জানান। ছাত্রদলের পর করিম সিকদারের নেতৃত্বে জাসদ ছাত্রলীগ নেতৃবৃন্দ কমিটির সঙ্গে আলোচনা করেন।